



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৪

০৪ জানুয়ারি ২০২১
তারিখঃ -----
২০ পৌষ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন
গ্রহণ এবং ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন কোন জনস্বার্থ সংস্থা ব্যাংক থেকে ঋণ গ্রহণ/নবায়ন করার সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ আর্থিক বিবরণী জমা প্রদান না করে ভিন্ন নামে অভিহিত আর্থিক বিবরণী (যেমন: ম্যানেজমেন্ট অডিট রিপোর্ট, রিভিউ রিপোর্ট ইত্যাদি) জমা করে থাকে।

০২। এক্ষণে এই মর্মে জানানো যাচ্ছে যে, ঋণ শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এবং আর্থিক খাতে অধিকতর স্বচ্ছতা আনয়নের নিমিত্ত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন জনস্বার্থ সংস্থার অনুকূলে ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত ব্যাংক কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে অন্য যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করার প্রয়োজনীয়তা থাকবে তাও যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২